তারিখ ১২ JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# জাতীয়করণের দাবিতে ইবতেদায়ী শিক্ষকদের সমাবেশ ১৭ সেপ্টেম্বর

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয়করণের দাবিতে আন্দোলনে নামছে 'বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি'। আগামী ১৭ সেপ্টেম্বর জাতীয়করণসহ ৭ দফা দাবিতে রাজধানীর প্রেসক্লাবের সামনে মানববন্ধন ও সমাবেশ করার ঘোষণা দিয়েছেন নেতৃবৃন্দ। একই সঙ্গে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দেওয়া হবে। গতকাল মঙ্গলবার রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ মিলনায়তনে জেলা শিক্ষক প্রতিনিধিদের নিয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।

সম্মেলন থেকে জানানো হয়, আন্দোলনের অংশ হিসাবে পৃথকভাবে বিভাগীয় পর্যায়ের জেলা শহরগুলোর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেবে সমিতির স্থানীয় নেতৃবৃন্দ। এছাড়া বিভাগীয় কর্মসূচির মধ্যে ১৬ জুলাই রংপুর বিভাগে, ১৮ জুলাই খুলনায়, ২৩ জুলাই রাজশাহী, ৩০ জুলাই ময়মনসিংহ, ৮ আগস্ট বরিশাল, ১৩ আগস্ট সিলেট, ১৬ আগস্ট চট্টগ্রাম এবং ২৩ আগস্ট ঢাকা বিভাগের জেলাগুলোতে মানববন্ধন করবে সমিতির নেতৃবৃন্দ।

সংবাদ সম্মেলনে সমিতির দাবিগুলোর মধ্যে রয়েছে প্রাথমিকের মত রেজিস্ট্রেশনপ্রাপ্ত সকল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণ, প্রাথমিক শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত পুনর্বহাল, শিক্ষা মন্ত্রণালয়ের ২০১৫ সালের নীতিমালা বাস্তবায়ন, পূর্বের সকল শিক্ষকদের পুনর্বহাল, প্রাথমিকের স্থায়ী রেজিস্ট্রেশন ব্যবস্থা আসবাব ও ভবন নির্মাণ এবং প্রাথমিক শিক্ষকদের মত পিটিআই ট্রেনিং-এর মাধ্যমে মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

সংগঠনের মহাসচিব কাজী মোকলেছুর রহমান, সহ-সভাপতি নজরুল ইসলাম হিরণ ও আব্দুর রহমান, কেন্দ্রীয় সহ-প্রচার সম্পাদক মো. সাইফ উল্লাহ হেলাল এবং জেলা শিক্ষক প্রতিনিধিরা বক্তব্য রাখেন।